গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিআরভিএস অধিশাখা
মন্ত্রিপরিষদ বিভাগ।
www. cabinet.gov.bd

**বিষয়: সিআরভিএস বাস্তবায়ন সম্পর্কিত পাক্ষিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভাপতি : শেখ মুজিবুর রহমান, ভারপ্রাপ্ত সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।
সময় : ২৪ জুলাই ২০১৯, বুধবার, বিকাল ৩.৩০ ঘটিকা।
স্থান : মন্ত্রিপরিষদ বিভাগ কক্ষ নং-১০০৫ (১০ম তলা), সরকারি পরিবহন পুল ভবন ।

**উপস্থিতি: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য**

০২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। তিনি সিআরভিএস-এর তাৎপর্য উল্লেখ করে সিআরভিএস সংক্রান্ত সিদ্ধান্ত নির্ধারিত সময়ে সঠিকভাবে বাস্তবায়নের জন্য সকলকে অনুরোধ করেন। বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোন সংশোধন এবং পরিমার্জন থাকলে তা জানানোর জন্য উপস্থিত সকল সদস্যকে অনুরোধ করা হয়। কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে উপস্থিত সদস্যগণ অভিমত প্রকাশ করায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকৃত করা হয়। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ পরিচালিত হয়। সভায় সকল সদস্য সক্রিয়ভাবে আলোচনায় অংশগ্রহণ করেন এবং সর্বসম্মতিক্রমে বিষয়ভিত্তিক সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| **২.১ সিআরভিএস গ্রুপ মেইল চালুকরণ**<br>সিআরভিএস বাস্তবায়ন সম্পর্কিত পাক্ষিক সমন্বয় সভার কার্যবিবরণী সভার সদস্যদের নিকট দ্রুত প্রেরণের উপর সভাপতি গুরুত্বারোপ করে একটি গ্রুপ মেইল সৃজন করার জন্য পরামর্শ প্রদান করেন। উপস্থিত সকল সদস্য এ বিষয়ে একমত প্রকাশ করেন। | <u>২.১.১</u> সিআরভিএস-এর সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের স্বার্থে সভার কার্যাবলী ও অন্যান্য সিদ্ধান্ত সকল সদস্যের নিকট প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলের সমন্বয়ে একটি গ্রুপ মেইল সৃজন করতে হবে। | উপসচিব, সিআরভিএস অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ। |
| **২.২ সিআরভিএস এন্ড বিয়োন্ড বাস্তবায়নে প্রয়োজনীয় প্রকল্পসমূহ বাস্তবায়ন**<br>সিআরভিএস সংশ্লিষ্ট সংস্থাগুলোর প্রকল্প বাস্তবায়নের জন্য প্রকল্প প্রণয়নের অগ্রগতি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আইন ও বিচার বিভাগ ব্যতিত অন্যান্য সকল সংস্থার প্রকল্প প্রস্তাব প্রণয়ন ও অনুমোদন কার্যক্রম সম্পন্ন হয়েছে বলে সভায় অবহিত করা হয়। ব্যানবেইজ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো তাদের প্রকল্পের জন্য ইতোমধ্যে প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়েছে বলে সভায় অবহিত করা হয়। তাদের কার্যক্রম পুরোদমে এগিয়ে চলছে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রণীত 'প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়ন' শীর্ষক প্রকল্পটি সম্প্রতি পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত হয়েছে বলে জানান হয়। বর্তমানে প্রকল্প পরিচালকসহ অন্যান্য লোকবল নিয়োগ প্রক্রিয়া চলমান রয়েছে। আইন ও বিচার বিভাগের প্রতিনিধি জানান, তাদের প্রণীত খসড়া প্রকল্প প্রস্তাবটি মাননীয় মন্ত্রীর অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়েছে এবং পরবর্তী কার্যক্রম দ্রুত শেষ করা হবে। | <u>২.২.১</u> আইন ও বিচার বিভাগ জরুরিভিত্তিতে প্রকল্প প্রস্তাবটি অনুমোদনের জন্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করবে। | সচিব, আইন ও বিচার বিভাগ। |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবা |
|---|---|---|
| **২.৩ সিআরভিএস সংশ্লিষ্ট তথ্যের interoperability নিশ্চিতকরণ**<br>(ক) সিআরভিএস সংশ্লিষ্ট তথ্য-উপাত্ত জনকল্যাণে ব্যবহারের নিমিত্ত এগুলির interoperability নিশ্চিতকরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। এ বিষয়ে নিয়োজিত আইটি কনসালটেন্ট জানান Reve System কর্তৃক BDRIS2 অদূর ভবিষ্যতে চালু হলে সিআরভিএস এন্ড বিয়োন্ড সংশ্লিষ্ট আন্তঃসংস্থার তথ্য interoperable হবে। ইতোমধ্যে BDRIS2 এর ২২টি মডিউলের মধ্যে ০৮টি মডিউল তৈরি হয়েছে এবং users acceptance test সফলভাবে সম্পন্ন হয়েছে বলে সভায় অবহিত করা হয়।<br>(খ) BDRIS2-এর ক্রয় প্রক্রিয়া সম্পন্নকরণ এবং এটির চালুকরণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন সভাকে অবহিত করেন যে কারিগরি কারণে তফসীল অনুযায়ী প্রকিউরমেন্ট প্রক্রিয়া কিছুটা পিছিয়ে আছে। অতি শীঘ্রই তা সম্পন্ন হবে বলে তিনি সভায় অবহিত করেন।<br>(গ) সিআরভিএস সংশ্লিষ্ট তথ্য-উপাত্ত interoperable করার জন্য নির্বাচন কমিশন সচিবালয়ের NID Wing-এর সঙ্গে MoU স্বাক্ষরের বিষয়টি নিয়ে সভায় আলোচনা করা হয়। NID Wing-এর সঙ্গে কয়েকটি দপ্তরের MoU এখনও স্বাক্ষরের অপেক্ষায় আছে বলে সভায় অবহিত করা হয়। জরুরিভিত্তিতে সকল MoU স্বাক্ষর হওয়া প্রয়োজন বলে সভায় সকলে অভিমত প্রকাশ করেন। | <u>২.৩.১</u> BDRIS2-এর ক্রয় প্রক্রিয়া সম্পন্নকরণ এবং এটির চালুকরণ বিষয়ে বিস্তারিত তথ্যাদি পরবর্তী সভায় উপস্থাপন করা হবে।<br><u>২.৩.২</u> জরুরিভিত্তিতে সকল MoU স্বাক্ষরের উদ্যোগ গ্রহণ করতে হবে। | <u>সিদ্ধান্ত ২.৩.১:</u> রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ।<br><u>সিদ্ধান্ত ২.৩.২:</u> রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ; মহাপরিচালক, ব্যানবেইজ, শিক্ষা মন্ত্রণালয়; এবং মহাপরিচালক, এনআইডি উইং, নির্বাচন কমিশন সচিবালয়। |
| **২.৪ Integrated Service Development Platform (ISDP)**<br>Integrated Service Development Platform (ISDP)-এর বাস্তবায়ন অগ্রগতি নিয়ে সভায় আলোচনা করা হয়। সভায় ISDP বাস্তবায়নকারী এটুআই-এর সংশ্লিষ্ট আইটি বিশেষজ্ঞ জানান Citizen Core Data Structure (CCDS)-এর Third Version-এর কাজ সম্পন্নের পর্যায়ে আছে এবং দ্রুতই তা চূড়ান্ত করা হবে। এর ভিত্তিতেই ISDP তৈরিকরণ ও বাস্তবায়ন চলছে। ২০১৯ সালে সিআরভিএস সংশ্লিষ্ট ৬টি সেক্টরকে অন্তর্ভূক্ত করে এর বাস্তবায়নের কার্যক্রম এগিয়ে যাচ্ছে। | <u>২.৪.১</u> আগস্ট ২০১৯ এর মধ্যেই CCDS এর Third Version-এর কাজ চূড়ান্ত করতে হবে।<br><u>২.৪.২</u> ISDP-এর অগ্রগতির বিষয়ে আগামী ০১ (এক) সপ্তাহের মধ্যে একটি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগের কাছে দাখিল করতে হবে। | জনাব আসিফ আতিক, সিআরভিএস আইটি কনসালটেন্ট এবং জনাব মো: হাফিজুর রহমান, সলিউশন আর্কিটেক্ট, এটুআই। |
| **২.৫ Vital Statistics Technical Working Group-এর কার্যক্রম জোরদার করণ**<br>নীতি-নির্ধারকগণ কর্তৃক জনকল্যাণে প্রয়োজনীয় নীতি নির্ধারণে vital statistics-এর কার্যকর ব্যবহার এবং এগুলির সঠিকতা নিরূপণ করা জরুরি বলে সভায় আলোচনা করা হয়। এ বিষয়ে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে গঠিত Vital Statistics Technical Working Group-এর সভা নিয়মিতভাবে অনুষ্ঠান করার ওপর সবিশেষ | <u>২.৫.১</u> নিয়মিত সভা অনুষ্ঠানের মাধ্যমে Vital Statistics Technical Working Group-কে সক্রিয় করতে হবে। | সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| গুরুত্বারোপ করা হয়। সভায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের প্রতিনিধি জানান যেহেতু সম্প্রতি বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সিআরভিএস প্রকল্পটি অনুমোদিত ও এটির কার্যক্রম শুরু হয়েছে সেহেতু এখন হতে নিয়মিত সভা অনুষ্ঠানের মাধ্যমে Working Group-কে সক্রিয় করতে সচেষ্ট হবেন। | | |
| **২.৬ Regional Action Framework (RAF)-অনুযায়ী বাস্তবায়িত কার্যক্রমের Mid-term Report প্রণয়ন সংক্রান্ত**<br>UNESCAP কর্তৃক ঘোষিত ২০১৫-২০২৪ মেয়াদে এশিয়া-প্যাসিফিক অঞ্চলের দেশসমূহে বাস্তবায়নাধীন সিআরভিএস দশকের জন্য Regional Action Framework (RAF) অনুযায়ী বাংলাদেশে বাস্তবায়িত কার্যক্রমসমূহের ভিত্তিতে Mid-term Report প্রণয়ন এবং তা UNESCAP-এ প্রেরণ করতে হবে। মন্ত্রিপরিষদ বিভাগের সিআরভিএস কার্যালয়ের কর্মকর্তা জানান এটি প্রণয়নের নিমিত্ত প্রয়োজনীয় তথ্য-উপাত্ত প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকল সংস্থায় প্রতিবেদনের খসড়া ছক প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যেই সংশ্লিষ্ট সংস্থাগুলি হতে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত পাওয়া গেছে। বর্তমানে প্রাপ্ত তথ্য-উপাত্তের সঠিকতা যাচাইকরণ, তথ্য একীভূতকরণ ও খসড়া প্রতিবেদন প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। | <u>২.৬.১</u> প্রাপ্ত তথ্য-উপাত্তের সঠিকতা যাচাই, একীভূতকরণ ও খসড়া প্রণয়নের কার্যক্রম আগামী ০৮ আগস্ট ২০১৯ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।<br><u>২.৬.২</u> প্রণীত খসড়া প্রতিবেদনের উপর আগামী আগস্ট মাসের ৪র্থ সপ্তাহে সুবিধাজনক সময়ে আন্তঃসংস্থা কনসালটেশন কর্মশালা আয়োজন করতে হবে। | উপসচিব, সিআরভিএস অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ। |
| **২.৭ জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ক কালীগঞ্জ মডেল ও অন্যান্য উপজেলায় বাস্তবায়ন**<br>জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ক কালীগঞ্জ মডেল সংক্ষিপ্তাকারে সভায় উপস্থাপন করা হয়। এই মডেল গাজীপুর জেলার সকল উপজেলাসহ দেশের সকল বিভাগের ১টি করে উপজেলায় (সর্বমোট ১৩টি উপজেলা) সম্প্রসারণ করে ভাল ফল পাওয়া গেছে বলে সভায় জানানো হয়। মন্ত্রিপরিষদ বিভাগের আওতায় বাস্তবায়নাধীন 'The Technical Support for CRVS System Improvement in Bangladesh' প্রকল্পের তৃতীয় পর্যায়ে নরসিংদী, চট্টগ্রাম, ময়মনসিংহ, রাজশাহী, খুলনা, সিলেট, বরিশাল ও নীলফামারি জেলার সকল উপজেলায় বাস্তবায়নের জন্য ইতোমধ্যে সিদ্ধান্ত গৃহীত হয়েছে বলে সভায় জানানো হয়। সভায় বর্ণিত প্রকল্পের ৩য় পর্যায়ের TAPP দ্রুত প্রণয়নের ওপর জোর দেওয়া হয়। | <u>২.৭.১</u> 'The Technical Support for CRVS System Improvement in Bangladesh' প্রকল্পের ৩য় পর্যায়ের TAPP দ্রুত প্রণয়ন করতে হবে। | প্রকল্প পরিচালক, The Technical Support for CRVS System Improvement in Bangladesh-Third Phase, মন্ত্রিপরিষদ বিভাগ। |
| **২.৮ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত ব্যক্তির মৃত্যুর সঠিক কারণ নির্ণয়**<br>মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন 'The Technical Support for CRVS System Improvement in Bangladesh' প্রকল্পের মধ্যে মৃত্যুর সঠিক কারণ নির্ণয় একটি তাৎপর্যপূর্ণ উপাদান। স্বাস্থ্য অধিদপ্তরের সহায়তায় ইতোমধ্যে প্রায় ৫০টি হাসপাতালে Medical Certification of Cause of Death (MCCoD) চালু করা হয়েছে। এই কার্যক্রমের | <u>২.৮.১</u> হাসপাতালে মৃত ব্যক্তির মৃত্যুর অন্তর্নিহিত কারণ বিশ্ব স্বাস্থ্য সংস্থার নিয়মানুযায়ী নির্ণয় করার বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরকে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদানের জন্য স্বাস্থ্য সেবা বিভাগকে অনুরোধ করতে হবে। | যুগ্ম সচিব (সিআর ও সামাজিক নিরাপত্তা), মন্ত্রিপরিষদ বিভাগ। |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| মাধ্যমে বিশ্ব স্বাস্থ্য সংস্থার নিয়মানুযায়ী হাসপাতালে মৃত ব্যক্তির মৃত্যুর কারণ নির্ণয় করে স্বাস্থ্য অধিদপ্তরে সংরক্ষণ করা হচ্ছে। ইতোমধ্যে প্রায় ৮০ হাজার মৃত্যুর অন্তর্নিহিত কারণ নির্ণয় করা হয়েছে। MCCoD কার্যক্রম সম্প্রসারণ হওয়ায় পর্যাপ্ত মনিটরিং এর অভাবে মৃত্যুর সঠিক কারণ নির্ণয়ে কোন কোন হাসপাতালে আন্তর্জাতিক মান বজায় থাকছে না বলে সভায় অবহিত করা হয়। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। মৃত্যুর সঠিক কারণ নির্ণয়ে যাতে আন্তর্জাতিক মান বজায় থাকে সে বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরকে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদানের জন্য স্বাস্থ্য বিভাগকে অনুরোধ করা প্রয়োজন বলে সভায় অভিমত প্রকাশ করা হয়।<br>এছাড়াও মৃত্যুর কারণ সংক্রান্ত যথাযথ পরিসংখ্যান তৈরির জন্য স্বাস্থ্য অধিদপ্তরের অধীনে আইসিডি কোডারের ১১০টি পদ সৃজনের বিষয়টির ধীর গতি সম্পর্কে সভাপতি উদ্বেগ প্রকাশ করেন। এ প্রসঙ্গে স্বাস্থ্য সেবা বিভাগের প্রতিনিধি জানান এ বিষয়ে সংশোধিত প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং আগামী ৩১ জুলাই ২০১৯ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (ওএন্ডএম) এর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হবে। | | |

০৩। আলোচ্য আর কোন বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

২২.০৭.১৯

শেখ মুজিবুর রহমান এনডিসি
ভারপ্রাপ্ত সচিব, সমন্বয় ও সংস্কার,
মন্ত্রিপরিষদ বিভাগ।